110

দৈনিক ইনকিলাব

তারিখ 03 JAN 1998
পৃষ্ঠা … কলাম …

# প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর সংখ্যা ১০ ভাগ বেড়েছে

বিটিভি ঃ দেশে প্রাথমিক বিদ্যালয়গুলোতে গত ১১ বছরে ছাত্র-ছাত্রীর সংখ্যা প্রায় ১০ ভাগ বৃদ্ধি পেয়েছে। বাংলাদেশ সহায়তা কর্মসূচী পর্যালোচনা শীর্ষক বিশ্ব ব্যাংকের এক খসড়া রিপোর্টে বলা হয়েছে, প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর সংখ্যা ১৯৮৫ সালে ৫৫ শতাংশ থেকে বেড়ে ১৯৯৬ সালে ৬৫ শতাংশে দাঁড়ায়।

রিপোর্টে বলা হয়, মাধ্যমিক বিদ্যালয়গুলোতে ছাত্র ভর্তির হার ১৯৮০ সালে ২৮ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে ১৯৯৩ সালে ৪২ শতাংশে উন্নীত হয়। এছাড়া শিক্ষা ক্ষেত্রে সরকারের অঙ্গীকার বেড়েছে বলে রিপোর্টে উল্লেখ করা হয়। ১৯৮০ সালের জাতীয় বাজেটে শিক্ষা খাতে বরাদ্দ ছিল ৭.৯ শতাংশ, ১৯৯০ সালে তা বেড়ে দাঁড়ায় ১০.৩ শতাংশে। এতে বলা হয়, অবকাঠামো এবং শিক্ষকদের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। দেশে বর্তমানে ৪৫ হাজার প্রাথমিক বিদ্যালয় রয়েছে। ১৯৮০ সাল থেকে ১৯৯০ সালের মধ্যে প্রাথমিক বিদ্যালয়ে যাওয়ার বয়সী ছেলে মেয়েদের সংখ্যা ১৯ শতাংশ বেড়েছে। অন্যদিকে বিদ্যালয়ে ভর্তির সংখ্যা বৃদ্ধি পায় ৫০ শতাংশ। তবে রিপোর্টে বলা হয় ঃ শিক্ষা খাতে দক্ষতা যথেষ্ট নিম্ন পর্যায়ে রয়েছে। শ্রেণী কক্ষে পড়াশুনার সময় খুব কম। এছাড়া শিক্ষকদের অনুপস্থিতি ও তাদের কাজের জবাবদিহিতার অভাব রয়েছে। এতে বলা হয়, প্রাসঙ্গিক পাঠ্যসূচীর অভাব, সেকেলে পাঠ্যপুস্তক, শিক্ষকদের দুর্বল প্রশিক্ষণ এবং প্রয়োজনীয় সরঞ্জামের অভাবে শিক্ষার মান এখনো নিম্ন পর্যায়ে রয়েছে।